মেহেরপুর জেলা কমিউনিটি ক্লাবের ইফতার ও বইয়ের মোড়ক উন্মোচন

ঢাকাস্থ মেহেরপুর জেলা কমিউনিটি ক্লাবের ইফতার মাহফিল ও বই এর মোড়ক উন্মোচন অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

গতকাল রবিবার রাজধানীর ফার্মগেটে অবস্থিত হোটেল গিভেন্সিতে এ ইফতার মাহফিল অনুষ্ঠিত হয়। ইফতার মাহফিলের আগে মেহেরপুরের কৃতি সন্তান ও হাইকোর্টের অতিরিক্ত রেজিস্ট্রার তোফায়েল হোসেন রুপকের লেখা কবিতার বই “অনির্বাচিত” এর মোড়ক উন্মোচন করা হয়। পরে সেখানে দোয়া ও ইফতার মাহফিল অনুষ্ঠিত হয়।

মেহেরপুর জেলা কমিউনিটি ক্লাবের সভাপতি সেলিম আহমেদের সভাপতিত্বে উপস্থিত ছিলেন সাধারণ সম্পাদক এম এ এস ইমন, বিএনপি নেতা জাভেদ মাসুদ মিল্টন, ক্লাবের মুখপাত্র মিল্টন বিশ্বাস, নির্বাহি প্রধান বিকলুস আহমেদ, সমাজকল্যাণ সম্পাদক শিশির অরুপ, সাহিত্য ও প্রকাশনা সম্পাদক ডলার শেখ, পাঠাগার সম্পাদক দুলাল হোসেন, মহিলা বিষয়ক সম্পাদক তছলিমা খাতুন, সহ- সভাপতি আহসান হাবিব, বুলবুল আহমেহ, সাইক্লোন আহমেদ, যুগ্ম সম্পাদক আজিজুল হক, দপ্তর সম্পাদক সাঈদুর রহমান, বিশেষ অতিথি সড়ক ও জনপথে নির্বাহী প্রকৌশলী আবু হেনা,হাই কোর্টের অতিরিক্ত রেজিস্ট্রার তোফায়েল হাসান রুপক ,জাভেদ মাসুদ মিল্টন,সহ সভাপতি রেজাউল হকসহ কমিউনিটি ক্লাবের চার শতাধিক সদস্য অংশ নেন।

মেহেরপুর জেলা ট্রাক মালিক গ্রুপের নির্বাচন ১৪ মার্চ

মেহেরপুর জেলা ট্রাক মালিক গ্রুপের দ্বি-বার্ষিক নির্বাচন আগামি ১৪ মার্চ সোমবার অনুষ্ঠিত হবে।

গতকাল শুক্রবার মেহেরপুর জেলা ট্রাক মালিক গ্রুপের ত্রি-বার্ষিক নির্বাচনের প্রধান নির্বাচন কমিশনার আবদুল্লাহ আল আমিন ধুমকেতু স্বাক্ষরিত এক প্রজ্ঞাপনে এ তথ্য জানা গেছে।

প্রজ্ঞপনে বলা হয়েছে, গত ২৪ ফ্রেব্রুয়ারি মেহেরপুর জেলা জজ আদালতের আদেশের প্রেক্ষিতে ২৮ ফেব্রুয়ারির নির্বাচন স্থগিত করা হয়। পরবর্তিতে ৮ মার্চ বাংলাদেশ সু্প্রিম কোর্টের হাইকোর্ট ডিভিশন নিম্ম আদালতের স্থগিতাদেশ তিন মাসের জন্য স্থগিত ঘোষণা করেন।

প্রজ্ঞাপনে আরো বলা হয়েছে, নির্বাচন সংক্রান্ত সকল প্রস্তুতি সম্পন্ন থাকায় এবং উচ্চ আদালত স্থগিতাদেশ তিন মাসের জন্য স্থগিত ঘোষণা করায় আগামী ১৪ মার্চ সোমবার সকাল ৮টা থেকে বিকাল ৪টা পর্যন্ত বিরতীহীনভাবে মেহেরপুর জেলা ট্রাক মালিক গ্রুপের শুধুমাত্র সভাপতি পদে দ্বি-বার্ষিক নির্বাচন অনুষ্ঠিত হবে।

প্রসঙ্গত, গত ২৮ ফেব্রুয়ারি মেহেরপুর জেলা ট্রাক মালিক গ্রুপের নির্বাচনের দিন ধার্য ছিল। সাধারণ সম্পাদকসহ অন্যান্য সকল পদে প্রার্থীরা বিনা প্রতিদ্বন্দীতায় নির্বাচিত হয়েছেন। শুধুমাত্র সভাপতি পদে দুই জন প্রার্থী থাকায় নির্বাচনের সকল প্রস্তুতি সম্পন্ন করেন নিবার্চন কমিশন। সভাপতি পদে বর্তমান সভাপতি গোলাম রসুল ও এসকেন আলী প্রতিদ্বন্দীতা করেন। নির্বাচনের আগে ২৪ ফেব্রুয়ারি মেহেরপুর জেলা জজ আদালতে নির্বাচন স্থগিত চেয়ে আবেদন করেন সভাপতি প্রার্থী এসকেন আলী। তাঁর আবেদনের প্রেক্ষিতে আদালত নির্বাচন স্থগিতের আদেশ দেন।

ঝিনাইদহে শিক্ষক কর্মচারী ক্রেডিট ইউনিয়নের বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত

ঝিনাইদহ সদর উপজেলা শিক্ষক কর্মচারী কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ এর ১০ম বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হয়েছে।

শুক্রবার (৪ ফেব্রুয়ারী) সকাল ৯টায় শহরের সমিতির নিজস্ব কার্যালয়ে স্বাস্থ্যবিধি মেনে এই সভা অনুষ্ঠিত হয়।

শিক্ষক কর্মচারী কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়নের সদর উপজেলার চেয়ারম্যন কৃপা সিন্ধু বিশ্বাসের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর-রাজশাহী বরেন্দ্র চলন ‘খ’ অঞ্চলের ডিরেক্টর বাবলু রেনাতোস কোড়াইয়া।

এছাড়া বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কাল্ব এর ঝিনাইদহ জেলা ব্যবস্থাপক মোঃ জাকির হোসেন, ভাইস চেয়ারম্যান ফজলুর রহমান, সেক্রেটারী শাহাদৎ হোসেন, সহকারী অধ্যাপক কে এম সালেহ, মো: শাহানুর আলম, ডিরেক্টর ছালফিন আরা, আমির হোসেনসহ অন্যান্য নেতৃবৃন্দ।

সভায় সমিতির বার্ষিক হিসাব সদস্যদের মাঝে তুলে ধরা হয়। তাছাড়া সমিতির সদস্যবৃদ্ধি ও তাদের মানোন্নয়ন নিয়ে বক্তারা আলোচনা করেন।

মেহেরপুরে স্বাস্থ্য সচেতনতায় কালের কণ্ঠ-শুভ সংঘের মাস্ক বিতরণ

স্বাস্থ্য সচেতনতা বৃদ্ধি ও করোনা ভাইরাস প্রতিরোধে মাস্ক বিহীন পথচারীদের মাঝে মাস্ক বিতরণ করেছে কালের কণ্ঠ- শুভ সংঘ মেহেরপুরের সদস্যরা।

আজ বৃহস্পতিবার সকাল ১০ টার দিকে মেহেরপুর জেলা শিল্পকলা একডেমীর সামনে কালের কণ্ঠ-শুভ সংঘের মেহেরপুরের সভাপতি প্রভাষক নুরুল আহমেদ মাস্ক বিতরণ কার্যক্রম উদ্বোধন করেন।

এসময় অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন, সংগঠনের সাধারণ সম্পাদক আল-ইকরাম সোহাগ, সাংগাঠনিক সম্পাদক আল মাসুম, যুগ্ম সাংগাঠনিক সম্পাদক ওমর ফারুক বাপ্পি, কোষাধ্যক্ষ আফসানা বিশ্বাস তিথি,

প্রচার ও প্রকাশনা সম্পাদক মোঃ হাসানুজ্জামান, সাহিত্য সম্পাদক সোহেল রানা প্রমুখ।

মেহেরপুর জেলা জুড়ে শুভ সংঘ ২ হাজার মাস্ক বিতরণ কর্মসূচী শুরু হলো। পর্যায়ক্রমে বিভিন্নস্থানে তা বিতরণ করা হবে।

কাথুলীতে দি হাঙ্গার প্রজেক্ট ও ইউনিয়ন পরিষদের সমঝোতা সাক্ষর

মেহেরপুরের গাংনী উপজেলার কাথুলী তে দি হাঙ্গার প্রজেক্ট ও ইউনিয়ন পরিষদের সমঝোতা স্বাক্ষর অনুষ্ঠিত হয়েছে।

রবিবার সকালে কাথুলী ইউনিয়ন পরিষদের হলরুমে নবানির্বাচিত চেয়ারম্যান ও মেম্বারদের ফুল দিয়ে বরণ করে নেওয়ার মাধ্যমে অনুষ্ঠানের সূচনা করেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন কাথুলী ইউনিয়ন ভলেন্টিয়ার ফরম এর সভাপতি মাহিদুল ইসলাম ফুরকান।
প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা আওয়ামী লীগের ত্রাণ ও সমাজকল্যাণ সম্পাদক ও কাথুলী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মোঃ মিজানুর রহমান রানা। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দি হাঙ্গার প্রজেক্ট-এর গাংনী এরিয়া সমন্বয়কারী মোঃ হেলাল উদ্দিন।

অনুষ্ঠানে সঞ্চালনায় ছিলেন কুতুবপুর স্কুল এন্ড কলেজের সহকারী শিক্ষক ও কাথুলী ইউনিয়ন শাখার বাংলাদেশ আওয়ামী কৃষক লীগের সভাপতি রেজাউর রহমান রেজা। আরো উপস্থিত ছিলেন দি হাঙ্গার প্রজেক্টের কাথুলী ইউনিয়ন ইউনিয়ন সমন্বয়কারী বাশারুল ইসলাম। ইউনিয়ন ভলেন্টিয়ার ফরমের নব নির্বাচিত সভাপতি মফিজুর রহমান সহ ইউনিয়ন পরিষদের সকল মেম্বার ও স্বেচ্ছাসেবক বৃন্দ।

একটি সফল কার্যকরী ইউনিয়ন পরিষদ গড়ে তোলার লক্ষ্যে দি হাঙ্গার প্রজেক্টের সাথে সমঝোতা স্বাক্ষর করা হয়। এর মধ্যে দিয়ে একে অপরের উন্নয়নে কাজ করবে বলে জানান হাঙ্গার প্রজেক্টের এরিয়া

ঝিনাইদহে ইউনিয়ন পর্যায়ে অবহিতকরণ সভা

ঝিনাইদহে রেজিলিয়েন্স এন্ট্রাপ্রেনিউরশীপ অ্যান্ড লাইভলীহুড ইমপ্রুভমেন্ট(আরইএল আই) প্রজেক্টের কার্যক্রম সম্পর্কিত অবহিতকরণ সভা অনুষ্ঠিত হয়েছে। রবিবার সকাল ১১টায় সদর উপজেলার ঘোড়শাল ইউনিয়ন পরিষদ মিলনায়তনে এ সভা অনুষ্ঠিত হয়।
অবহিতকরণ এ সভায় স্যোসাল ডেভেলপমেন্ট ফাউন্ডেশন(এসডিএফ) এর ঝিনাইদহ জেলা ব্যবস্থাপক কাজী হাসানুজ্জামান এর সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন ঘোড়শাল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান পারভেজ মাসুদ লিল্টন। বিশেষ অতিথি ছিলেন এসডিএফ জেলা কর্মকর্তা অসিম কুমার সাহা, ইউপি সচিব প্রতাপ বিশ্বাস, ইউনিয়ন আওয়ামী লীগ সাধারণ সম্পাদক রনজিত কুমার বিশ্বাস।
এছাড়াও সভায় ইউনিয়নের জনপ্রতিনিধি সহ বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ অংশ গ্রহণ করে।
এসময় আয়োজকেরা বলেন, সংস্থাটি প্রতিষ্ঠালগ্ন থেকে শুরু করে অদ্যাবধি গ্রামীণ দরিদ্র ও অতিদরিদ্র জনগোষ্ঠীর আর্থ-সামাজিক উন্নয়নে কাজ করে যাচ্ছে। বর্তমানে দেশের ৩৫টি জেলার ১৫৯টি উপজেলার পিছিয়ে পড়া ৯ হাজার ৩শত ১৪টি গ্রামে উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন করছে।
অনুষ্ঠানটি এসডিএফ আঞ্চলিক অফিস,যশোর এর সহযোগিতায় আয়োজন করে এসডিএফ’র ঝিনাইদহ অফিস।

গাংনীতে সাংবাদিকদের সাথে মতবিনিময় ও অবহিতকরণ সভা

মেহেরপুরের গাংনীতে মুক্তি নারী ও শিশু উন্নয়ন সংস্থার উদ্যোগে সাংবাদিকদের সাথে মত বিনিময় সভা ও অবহিতকরন সভা অনুষ্ঠিত হয়েছে।

রবিববার বেলা ১১ টার সময় গাংনী মহিলা ডিগ্রী কলেজের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত অবহিতকরন সভায় সভাতিত্ব করেন সাংবাদিক আমিরুল ইসলাম অল্ডাম।

মুক্তি নারী ও শিশু উন্নয়ন সংস্থার প্রকল্প সমন্বয়কারি উম্মে সালমা সংস্থার সফলতা উপস্থাপন করেন। গত বছরে ২৪টি পারিবারিক সমস্যা অভিযোগ পেলে ৮টি সমস্যার সমাধান করা হয়। দেন মোহর ও খোরপোষ আদায় হয়েছে ১ জনের কাছ থেকে। যার পরিমাণ এক লাখ ৮ হাজার টাকা, দুটি মামল স্থানিয়ভাবে সমাধান না হওয়ায় ২ টি মামলা আদালতে পাঠানো হয়েছে। নথিভুক্ত রয়েছে ১০ টি মামলা, চলমান রয়েছে ৪ টি মামলা। এসময় সদস্যদের মাধ্যমেও ৫ টি বাল্যবিবাহ বন্ধ,১২ টি দাম্পত্য কলহ নিরসন, দুটি মামলায় ৮০ হাজার টাকা দেনমোহর ও খোরপোষ আদায় করা হয়েছে, জমি সংক্রান্ত মিমাংসা করা হয়েছে ৪ টি, সামাজিক কলহ নিরসন করা হয়েছে ৪ টি, যৌতুক বিহীন বিবাহ সম্পন্ন হয়েছে ৪ টি ও বিবাহ রেজিস্ট্রি করা হয়েছে ১ টি।

একজন নারীকে দেনমহর আদায় করে দেন। অবহিত করন সভায় গাংনী প্রেসক্লাব সভাপতি রমজান আলী সহ স্থানীয় গণমাধ্যম কর্মীবৃন্দ উপস্থিত ছিলেন।

দর্শনায় “যুব সাহায্য সংস্থা ব্যাচ-৮৭”র কফি হাউজের উদ্বোধন

সংস্থার উপার্জিত অর্থে দর্শনা তথা পার্শ্ববর্তী এলাকার দুস্থ, গরীব অসহায় মানুষের সাহায্যে ফ্যান্ড তৈরীর লক্ষে দর্শনা বাসস্ট্যান্ড চত্বরের জীবননগর সিএনজি ষ্ট্যান্ডের নিকট দর্শনা “যুব সাহায্য সংস্থা ব্যাচ-৮৭” এর উদ্দ্যোগে কফি হাউজ ও কনফেকশনারী স্টোরের শুভ উদ্বোধন করা হয়েছে।

গতকাল শুক্রবার বিকাল ৫ টায় দোয়া ও আলোচনা অনুষ্ঠানের মধ্যদিয়ে উদ্বোধন করা হয়।

দর্শনা “যুব সাহায্য সংস্থা ব্যাচ-৮৭”র সংগঠনের সহ-সভাপতি আব্দুর রশিদের সভাপতিত্বে আলোচনা করেন, সংগঠনের সাধারন সম্পাদক কামাল উদ্দিন আহমেদ সান্টু, সিনিয়র সহ-সভাপতি ইউনুচ আলী, সহ-সাধারন সম্পাদক বজলুর রহমান, সাংগঠনিক সম্পাদক আতিকুর রহমান, আপ্যায়ন বিষয়ক সম্পাদক মোতাহার হোসেন জোয়ার্দার, অর্থ-সম্পাদক হাজী মোস্তফা জামান লাভলু, প্রচার সম্পাদক হারুন উজ্জামান।

এসময় বক্তারা বলেন, দর্শনা “যুব সাহায্য সংস্থা ব্যাচ-৮৭” কোভিড-১৮ করোনা ভাইরাসের সময় করোনা রোগীদের কাছ থেকে সেবা প্রদানের বদলে ভয়ে দূরে সরে গেছে আপনজন সহ অনেকে। কিন্তু এ সংস্থা মানুষের বিপদে খুব কাছে থেকে করোনা রোগীকে অক্সিজেন দিয়ে সেবা প্রদান করেছে। নিজের জন্য নয় জীবনের বাকি দিনগুলো সমাজ ও মানুষের সেবা করে যেতে চাই। এছাড়া এ ব্যাচের অসচ্ছল বন্ধু-বান্ধব সহ ৮৭ ব্যাচের সকল অসচ্ছল বন্ধুদের সহযোগীতা প্রদানের মাধ্যমে কর্মসংস্থান তৈরীতে সেলাই মেশিন বিতরনের পাশাপাশি সহযোগীতার হাত বাড়িয়ে দিচ্ছি।
এ কফি হাউজ ও কনফেকশনারী স্টোর হতে উপার্জিত অর্থ সংস্থার ফান্ডের তহবিলে জমা হবে। যার মাধ্যে দর্শনা তথা পার্শ্ববর্তী এলাকার দুস্থ, গরীব অসহায় মানুষের সাহায্যে-সহযোগীতায় খরচ করা হবে। আর এ ব্যাবসা প্রতিষ্ঠান সার্বিক তত্বাবধায়নে থাকবে দর্শনা “যুব সাহায্য সংস্থা ব্যাচ-৮৭” সংগঠন।নদর্শনা বাসস্ট্যান্ড জামে মসজিদের পেশ ঈমাম মাও. ওসমান আলী দোয়া পরিচালনার মধ্যদিয়ে ব্যবসা প্রতিষ্ঠানের শুভ উদ্বোধন করা হয়

গাংনীর কাষ্টদহ সেবা সংঘের প্রতিষ্ঠাবার্ষিকী পালন ও শীতবস্ত্র বিতরণ

মেহেরপুরের গাংনীতে কাষ্টদহ সেবা সংঘের ৩য় প্রতিষ্ঠা বার্ষিকী উদযাপন উপলক্ষে গ্রামের অসহায় শীতার্ত ও বয়স্ক ব্যক্তিদের মাঝে বিনামূল্যে শীতবস্ত্র বিতরণ করা হয়েছে।

আজ শুক্রবার দুপুরে ষোলটাকা ইউনিয়নের কাষ্টদহ সরকারি প্রাথমিক বিদ্যালয় প্রাঙ্গণে এ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

কাষ্টদহ সেবা সংঘের সভাপতি রাশিদুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন মেহেরপুর-২ আসনের সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন এমপি।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সংগঠনের উপদেষ্টা পরিষদের প্রধান কাবিল উদ্দিন, সহকারী অধ্যাপক (ইংরেজি) ও সম্পাদক, শিক্ষক পরিষদ, মেহেরপুর সরকারি কলেজ।

এছাড়াও উপস্থিত ছিলেন গাংনী উপজেলা আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক মনিরুজ্জামান মনি, গোলাম কিবরিয়া সাধারণ সম্পাদক ৬নং ষোলটাকা ইউনিয়ন পরিষদ, হাজী রফিকুল ইসলাম সভাপতি এবং আব্দুল মজিদ সাধারণ সম্পাদক ২নং ওয়ার্ড আওয়ামী লীগ। এছাড়াও উপস্থিত ছিলেন কাষ্টদহ সেবা সংঘের সহ সভাপতি সাহাফুল ইসলাম, সাধারণ সম্পাদক আজহারুল ইসলামসহ সংগঠনের অন্যান্য সদস্যগণ ও গ্রামের সকল স্তরের ব্যক্তিবর্গ।

অনুষ্ঠানে গ্রামের অসহায় শীতার্ত ১৫০টি পরিবারের মাঝে বিনামুল্যে শীতবস্ত্র বিতরণ করা হয়। উল্লেখ্য, প্রতিষ্ঠালগ্ন থেকেই কাষ্টদহ সেবা সংঘ গ্রামের অসহায় মানুষের জন্য কাজ করে যাচ্ছে। বিশেষ করে করোনা কালীন সময়ে গ্রামের অসহায় পরিবারের মাঝে বিভিন্ন ধরনের সহায়তা করেছে। এছাড়া বিভিন্ন প্রয়োজনে অসহায় রুগীদের চিকিৎসা সহায়তা এবং রক্ত দিয়ে সাধারণ মানুষের পাশে আছে। আগামীতেও অসহায় মানুষের পাশে থেকে কাজ করে যাবেন বলে সংগঠনটির সদস্যরা জানান।

‘আল্লাহ বসুন্ধরা গ্রুপের মালিককে যেন ভালো রাখে’

৯০ বছরের হেবু কাজী। বয়সের ভারে ন্যুব্জ এ মানুষটি বসুন্ধরা গ্রুপের কম্বল উপহার নিতে এসেছিলেন সদর উপজেলার খন্দকারপাড়া থেকে। এর আগে কখনো তিনি কম্বল পাননি। এই প্রথম কম্বল পেয়ে তিনি

খুশিতে আপ্লুত হয়ে পড়েন। কম্বল পেয়ে তিনি বলেন, ‘আল্লাহ বসুন্ধরা গ্রুপের মালিককে যেন ভালো রাখো।’

শহরের ঘোষপাড়ার খোদেজা খাতুন বলেন, ‘বহু মানুষ কম্বল পেয়েছে। আমরা কুনুদিন কম্বল পাইনি। বসুন্ধরা গ্রুপের কম্বল পেয়ে খুবি খুশি হয়িছি।’

বৃহস্পতিবার সকালে বসুন্ধরা গ্রুপের সহায়তায় কালের কণ্ঠ শুভসংঘের আয়োজনে মেহেরপুর সরকারি উচ্চ বালিকা বিদ্যালয় মাঠে কম্বল বিতরণ করা হয়।

মেহেরপুর পৌর মেয়র মাহফুজুর রহমান রিটন কম্বল বিতরণের উদ্বোধন করেন। এ সময় পৌর মেয়র বলেন, বসুন্ধরা গ্রুপের এই মহৎ কর্মের মাধ্যমে মেহেরপুরসহ সারাদেশের শীতার্তদের পাশে দাঁড়িয়ে মানবিক মূল্যেবোধের কাজ করেছে। বসুন্ধরা গ্রুপের ন্যায় দেশের অন্যান্য শিল্প প্রতিষ্ঠানকে এধরণের কাজে এগিয়ে আসার আহ্বান জানান তিনি।

কালের কণ্ঠ শুভসংঘের পরিচালক জাকারিয়া জামান বলেন, বসন্ধুরা গ্রুপের চেয়ারম্যান আহমেদ আকবর সোবহান স্যারের ব্যক্তিগত প্রচেষ্টায় আমরা মেহেরপুরসহ সারাদেশে দেড় লাখ কম্বল বিতরণ করছি। যাতে শীতার্ত মানুষগুলোর কষ্ঠ একটু হলেও লাঘব হয়।

কালের কণ্ঠ’র মেহেরপুর প্রতিনিধি ইয়াদুল মোমিন বলেন, দেশের সর্ববৃহৎ শিল্প প্রতিষ্ঠান বসুন্ধরা গ্রুপ মানবিক কর্মসূচির মাধ্যমে মানুষের কল্যানে কাজ করে যাচ্ছে। তাদের এ কর্মকাণ্ড অব্যাহত থাকবে।

জেলার সদর উপজেলায় ৪০০ এবং মুজিবনগর উপজেলায় ৩০০ শীতার্তদের মাঝে কম্বল বিতরণ করা হয়। মুজিবনগর কম্বল বিতরণ অনুষ্ঠানে শীতার্তদের মাঝে কম্বল তুলে দেন উপজেলা নির্বাহী কর্মকর্তা সুজন সরকার।

এ সময় অন্যদের মধ্যে মেহেরপুর সরকারি উচ্চ বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক মিজানুজ্জামান, বাংলাদেশ প্রতিদিন প্রতিনিধি মাহবুবুল হক পোলেন, জেলা প্রেস ক্লাবের সভাপতি তোজাম্মেল আযম, সাধারণ সম্পাদক মাহাবুব চান্দু, শুভসংঘ জেলা শাখার সাধারণ সম্পাদক আল ইকরাম সোহাগ উপস্থিত ছিলেন। পরে গাংনী উপজেলায় ৩০০ কম্বল বিতরণের মধ্যে দিয়ে জেলায় এক হাজার কম্বল বিতরণ করা হয়।